# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১.▶ কানাইপুর এলাকাটি এখনো অনগ্রসর এলাকাগুলোর মধ্যে অন্যতম। কারণ এখানকার রাস্তাঘাট, হাটবাজার, অবকাঠামোগুলো যেমন অনুন্নত তেমনি এলাকার বাসিন্দাদের রয়েছে শিক্ষার প্রতি প্রচণ্ড অনীহা। তারা এখনো অলৌকিকতায় বিশ্বাসী বলে শারীরিক অসুস্থতায় ঝাড়ফুঁক, তন্ত্র-মন্ত্রই একমাত্র সম্বল। কাজের পরিবের্তে তারা অদৃষ্টের উপরই বেশি নির্ভরশীল থাকে।

ক. কোন সমাজবিজ্ঞানী মৌল মানবিক চাহিদাকে ৬ ভাগে ভাগ করেছেন? ১

খ. মৌল মানবিক চাহিদা হিসেবে বর্তমানে বাংলাদেশে বাসস্থান পরিস্থিতির ধারণা দাও। ২

গ. উদ্দীপকের আলোকে মৌল মানবিক চাহিদা পূরণের অন্তরায় আলোচনা করো।৩

ঘ. উক্ত অন্তরায়সমূহ দূরীকরণে সমাজকর্মীর ভূমিকা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ★ সড়ক দুর্ঘটনায় আহত জামালকে তার আত্মীয়-স্বজনরা পঙ্গু হাসপাতালে ভর্তির জন্য নিয়ে এলে মি. সুখেন চৌধুরী হাসপাতালের আউটডোর থেকে শুরু করে ভর্তি হওয়া পর্যন্ত সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করতে সহায়তা দেন। এরপর তিনি জামালের আত্মীয়কে পরবর্তী করণীয় যেমন— রক্ত সংগ্রহ ডাক্তারের সাথে যোগাযোগ, অপারেশনের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র, ক্রাচ ইত্যাদি সংগ্রহের জন্য পরামর্শ প্রদান করেন।

ক. বাংলাদেশে কত সালে প্রথম স্কুল সমাজকর্ম চালু হয়? ১

খ. ক্লিনিক্যাল সমাজকর্মের ধারণা দাও। ২

গ. উদ্দীপকে মি. সুখেন চৌধুরীর কাজটি সমাজকর্মের কোন শাখার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত শাখার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩. ★ শাম্মী মা-বাবার একমাত্র সন্তান। মা-বাবা উভয়ই সরকারি কর্মকর্তা। সন্তানকে পর্যাপ্ত সময় দেওয়া দু'জনের পক্ষেই সম্ভব হয় না। এ নিয়ে শাম্মীর অনেক অভিযোগ, কিন্তু মা-বাবা তা খুব একটা আমলে নেন না। স্কুলে যাওয়ার সময় বা স্কুল থেকে ফেরার পথে অন্যান্য শিশুদের সাথে তাদের মা-বাবাকে দেখলে তার কান্না আসে। এরূপ মানসিক অতৃপ্তি নিয়ে শাম্মী বড় হতে থাকে। একসময় চরম হতাশা তাকে গ্রাস করে, আর এ থেকে মুক্তির জন্য সে নেশা করতে করতে মাদকাসক্ত হয়ে পড়ে।

ক. Problem শব্দটি গ্রিক কোন শব্দ থেকে উদ্ভূত? ১
খ. বাংলাদেশে বেকারত্বের কুপ্রভাব ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে মাদকাসক্তের কারণগুলো আলোচনা করো। ৩
ঘ. উক্ত সমস্যা দূরীকরণে সমাজকর্মীর ভূমিকা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ শিশু সুমন জন্মের দু'বছরেও কথা বলা তো দূরে থাক অন্যের ডাকে সাড়া দেয় না আবার অন্যের উপস্থিতি টেরও পায় না। প্রথম প্রথম শিশুটির মা-বাবা খুব একটা গুরুত্ব না দিলেও বর্তমানে বিশেষজ্ঞ ডাক্তার দেখাচ্ছে কিন্তু শিশুটির মধ্যে কোনো পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে না। বরং বয়স বৃদ্ধির সাথে সাথে সমস্যাটি আরো একটি আকার ধারণ করছে।

ক. পুষ্টিহীনতার ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. জলবায়ু পরিবর্তনের ধারণা দাও। ২
গ. উদ্দীপকে যে সমস্যাটির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে তা চিহ্নিত করে ব্যাখা করো। ৩
ঘ. উক্ত সমস্যা লাঘবে সমাজকর্মীর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৫. ★ সখীপুর গ্রামের প্রায় সব পরিবার থেকেই দু'একজন করে মধ্যপ্রাচ্যে চাকরি কারেন। তাই গ্রামের সবাই আর্থিকভাবে স্বচ্ছল। এ কারণে গ্রামে মাঝে মাঝেই ডাকাতেরা হানা দেয় ও প্রচুর ধন-সমনয় চলে যায়। বিষয়টি সমস্যার রূপ নেওয়ায় উক্ত গ্রামের নিরাপত্ত নিশ্চিত করতে একটি স্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপন করা হয়েছে এবং আনসার বাহিনীর একটি সশস্ত্র দলও দিনরাত টহল দিয়ে যাচ্ছে।

ক. Family শব্দের অর্থ কী? ১
খ. ধর্মের গুরুত্ব লেখো। ২
গ. উদ্দীপকে নির্দেশিত সংস্থাটির নাম উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উক্ত সংস্থার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৬.▶ কেরামত আরী প্রথম স্ত্রী'র অনুমতি ব্যতীত আরেকটি চৌদ্দ বছরের মেয়েকে বিয়ে করে। বিষয়টি নিয়ে স্বামী-স্ত্রী'র মধ্যে প্রায়ই কথা কাটাকাটি, ঝগড়াবিবাদ ও মারামারি পর্যন্ত হয়। একসময় কেরামত মৌখিকভাবে তিন তালাক দিয়েই স্ত্রীকে বাড়ি থেকে তাড়িয়ে দেয়। এমতাবস্থায় কেরামত আলীর স্ত্রী ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইনের কতগুলো নির্দিষ্ট ধারায় তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট আবেদন জানায়।

ক. ১৯৭৪ সালের শিশু আইন কত সালে ঢাকায় প্রয়োগ হয়? ১

খ. যৌতুক নিরোধ আইনের গুরুত্ব বর্ণনা করো। ২

গ. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইনের যেসব ধারায় কেরামত আলীর বিচার হবে যেসসব দারা ব্যাখ্যা করো। ৩

ঘ. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইনের উপযোগিতা বিশ্লেষণ করো। ৪

৭. ★ যুথি নামের ফুটফুটে একটি মেয়ে বাড়ির সামান্য দূরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে পড়ে। স্কুল গেইটের সামনের গ্যারেজে কর্মরত কয়েকটি ছেলে প্রায়শ তাকে উত্যক্ত করত। একদিন একছেলে তার ওড়না টেনে ধরে। ঘটনাটি স্কুল কর্তৃপক্ষকে জানালে স্কুল কর্তপক্ষ তা আমলে নিয়ে ছেলেটিকে জরিমানা করে গ্যারেজ থেকে তাড়িয়ে দেয়। এর কিছুদিন পর প্রতিশোধ নিতে ছেলেটি যুথির মুখে এসিড ছুঁড়ে মারে এবং এতে সে সামান্য আহত হয়।

ক. 'যৌতুক নিরোধ আইন ১৯৮০' কত সাল থেকে কার্যকর হয়? ১

খ. সামাজিক আইনের তিনটি উদ্দেশ্য আলোচনা করো। ২

গ. যুথির উপর হামলাকারীর বিচার যে যে ধারায় হবে আইনটির নাম উল্লেখপূর্বক ধারাগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত আইনের সীমাবদ্ধতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ মি. শিহাব শহর সমাজসেবা অফিসার হিসেবে কর্মরত। তিনি লালবাগ বস্তির মানুষের অবস্থার উন্নয়নের জন্য প্রথমত বেকার যুবক যুবতি গৃহিণীদের নিয়ে দল গঠন করেন। তারপর প্রতিটি দলে সুনির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দিয়ে স্বকর্মসংস্থানের ব্যবস্থা করেন। তিনি এ এলাকায় ক্ষুদ্রঋণ ব্যবস্থারও সূচনা করেন।

ক. কত সালে ঢাকায় তিন মাসের পেশাগত প্রশিক্ষণ কোর্স শুরু হয়? ১

খ. গ্রামীণ সমাজসেবার ধারণা দাও। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের আলোকে শহর সমাজসেবা কর্মসূচিগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত কর্মসূচিগুলোতে সমাজকর্ম পদ্ধতির প্রয়োগ দেখাও। ৪

৯. ★ মি. সমীর চৌধুরী একজন সরকারি উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে চাকরি থেকে অবসর নিয়েছেন। তিনি 'জননী' নামক একটি সংস্থায় ২০০০ টাকা দিয়ে আজীবন সদস্যপদ গ্রহণ করেন। সংস্থাটি ১৯৬০ সালের ১০ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। উক্ত সংস্থায় বিশেষ শ্রেণির মানুষের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্যসেবা, বই পড়া, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা ও বিনোদনের ব্যবস্থা রয়েছে।

ক. BRAC এর পূর্ণরূপ লেখো। ১

খ. ইউসেপ বাংলাদেশের লক্ষ্য-উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নির্দেশিত সংস্থাটির নাম উল্লেখপূর্বক এর পটভূমি আলোচান করো।৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত সংস্থার কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

১০. ▶ আন্তর্জাতিক রেডক্রিসেন্ট সোসাইটির কর্মী মি. লিটন কাজের উদ্দেশ্যে এক দেশ থেকে আরেক দেশে ছুটাছুটি করে বেড়ায়। সংস্থাটি যেখানেই বন্যা-খরা, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, ভূমিকম্প বা যুদ্ধের কারণে মানবিক বিপর্যয় সৃষ্টি হয় সেখানেই ত্রাণ, স্বাস্থ্য, শিক্ষা ও পুনর্বাসন কর্মসূচি নিয়ে হাজির হয়।

ক. ওয়ার্ল্ড ভিশন-এর প্রতিষ্ঠাতার নাম কী? ১

খ. ইউনিসেফ সংস্থার ধারণা দাও। ২

গ. উদ্দীপকের আলোকে আন্তর্জাতিক রেডক্রিসেন্ট সংস্থার কর্মসূচি আলোচনা করো। ৩

ঘ. উক্ত কর্মসূচিগুলোতে সমাজকর্ম পদ্ধতির প্রয়োগ দেখাও। ৪

১১. ★ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমএসএস শেষ বর্ষের শিক্ষার্থী শারমিনকে মাঠকর্ম প্রশিক্ষণের জন্য আগারগাঁও-এ অবস্থিত প্রবীণনিবাসে পাঠানো হয়। সেখানে সে নিজে সচেতন থেকে প্রবীণদের যথাযথ মর্যাদা ও তাঁদের পছন্দ-অপছন্দের স্বীকৃতি দিয়ে সেবা দেয়। সে সর্বান্তকরণে প্রবীণ ব্যক্তিদের বসবাসের উপযোগী পরিবেশ সৃষ্টিতে সচেষ্ট থাকে।

ক. মাঠকর্ম প্রশিক্ষণে কতজন তত্ত্বাবধায়ক থাকেন? ১

খ. গ্রুপ ম্যানেজমেন্ট-এর ধারণা দাও। ২

গ. শারমিন প্রবীণ নিবাসে আর যেসব নীতিমালা প্রয়োগ করতে পারে সেগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. মাঠকর্ম প্রশিক্ষণের প্রয়োজনীয়তা নিরূপণ করো। ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. বাংলাদেশের অর্থনীতি কী নির্ভর?
ক) শিল্প উৎপাদন খ) কৃষি উৎপাদন
গ) খনিজ দ্রব্য ঘ) সেবা ও যোগাযোগ

২. ★ সাইকিয়াট্রিক সমাজকর্মী ক্লায়েন্টের সমস্যা সমাধানের পথ খুঁজে দেন কীভাবে?
ক) সমস্যার ফলাফল অনুধাবন করে
খ) সমস্যার মূলে গিয়ে
গ) সমস্যার কারণ বিশ্লেষণ করে
ঘ) সমস্যার প্রকৃতি নির্ধারণ করে

৩. জনসংখ্যা বৃদ্ধির পরোক্ষ কারণ হলো—
i. কুসংস্কার ii. জলবায়ু
iii. অশিক্ষা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. বাংলাদেশে চিকিৎসা সমাজকর্মের সূচনা হয় কোথায়?
ক) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে
খ) ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে
গ) বারডেম হাসপাতালে
ঘ) বঙ্গবন্ধু মেডিকেল কলেজ হাসপাতালে

৫. ★ যেকোনো দেশের সম্পদ হিসেবে বিবেচিত হয় কোনটি?
ক) মুদ্রার রিজার্ভ
খ) উন্নত শিল্প
গ) জনসংখ্যা
ঘ) সাংস্কৃতিক অবকাঠামো

৬. 'ধর্ম হলো মানুষের চেয়ে উচ্চতর এমন এক শক্তিতে বিশ্বাস, যা মানবজীবন ও প্রকৃতির ধারাকে নিয়ন্ত্রণ করে'। কে এই উক্তিটি করেছেন?
ক) ই.বি. টেইলর খ) জেমস জি ফ্রেজার
গ) ডুরখেইম ঘ) ম্যাকাইভার ও পেজ

৭. ★ বস্ত্রের চাহিদা অনস্বীকার্য—
i. দৈহিক দিক থেকে
ii. সাংস্কৃতিক দিক থেকে
iii. ধর্মীয় দিক থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. মুসলিম পারিবারিক আইনে স্ত্রীকে স্পর্শ করার পূর্বেই কোনটি পরিশোধ বাধ্যতামূলক?
ক) অলঙ্কার খ) দেনমোহর
গ) যৌতুক ঘ) খোরপোষ

৯. ১৯৭৪ সালের শিশু আইন কার্যকর করার ফলে কোন আইন রহিত করা হয়?
ক) রিফরমেটরি স্কুল এ্যাক্ট
খ) নারী নির্যাতন দমন আইন
গ) শিশু নির্যাতন দমন আইন
ঘ) মাদক নিয়ন্ত্রণ আইন

১০. ★ সমাজবিজ্ঞানী আসিফা বলেন, মানুষকে পুষ্টিকর খাদ্য গ্রহণ করতে হবে—
i. শরীর সুস্থ রাখতে
ii. শরীর কর্মক্ষম রাখতে
iii. মর্যাদা বৃদ্ধিতে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১১. কত সালে সমাজকল্যাণ বিভাগ সমাজসেবা অধিদপ্তরে রূপান্তর হয়?
ক) ১৯৬১ খ) ১৯৭৪
গ) ১৯৮৪ ঘ) ১৯৮৯

১২. ★ বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ কত সালে স্থাপিত হয়েছে?
ক) ১৯৫৯ খ) ১৯৬০
গ) ১৯৬১ ঘ) ১৯৬২

১৩. শিল্পপতি বাবার একমাত্র ছেলে অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়লে তার বাবা তাকে 'নবদূত সংশোধনী কেন্দ্রে' ভর্তি করান, যার উদ্দেশ্য 'কিশোর উন্নয়ন ও সংশোধনী কেন্দ্রের' সাথে সাদৃশ্যপূর্ণ। তাহলে নবদূত সংশোধনী কেন্দ্রের উদ্দেশ্য হচ্ছে—
i. কিশোরদের সামাজিক কলঙ্ক থেকে রক্ষা
ii. কিশোরদের সমাজে পুনর্বাসনে সহায়তা
iii. কিশোরদের শাস্তি নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. সেভ দ্যা চিলড্রেন প্রতিষ্ঠিত হয় কত সালে?
ক) ১৯১৯ খ) ১৯৪৫
গ) ১৯৫০ ঘ) ১৯৬৬

১৫. বাংলাদেশে সমাজকর্মের ওপর প্রশিক্ষণ শুরু হয় কত সালে?
ক) ১৯৪৩ খ) ১৯৪৭
গ) ১৯৫২ ঘ) ১৯৫৩

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬-১৮নং প্রশ্নের উত্তর দাও:**

সরকারি অফিসার মি. রাম চন্দ্র ভৌমিক বিবাহের ৫ বছর পর স্ত্রী'র সাথে পরামর্শ করে একটি বিশেষ আইনের আওতায় বিবাহ নিবন্ধনের জন্য আবেদন করেন। তিনি মনে করেন, আইনটি দালিলিক প্রমাণ সুরক্ষার জন্য যেমন অত্যাবশ্যকীয় তেমনি বিবাহিত জীবনে নারীদের অধিকার ও নিরাপত্তা সুনিশ্চিত করতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

১৬. উদ্দীপকটি কোন আইনটিকে নির্দেশ করছে?
ক) মুসলিম পারিবারিক আইন-১৯৬১
খ) যৌতুক নিরোধ আইন-১৯৮০
গ) নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০৩
ঘ) হিন্দু বিবাহ নিবন্ধন আইন-২০১২

teachingbd24.com

১৭. উক্ত আইনের অধীনে বিবাহ নিবন্ধন না হলে—
i. বিবাহিত জীবনের পবিত্রতা ক্ষুণ্ন হতে পারে
ii. ধর্মের অবমাননা হতে পারে
iii. যে কেউ প্রতারণার শিকার হতে পারে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓖ iii ⓘ i, ii ও iii

১৮. নারীদের অধিকার ও নিরাপত্তা সুনিশ্চিতের প্রতীক হিসেবে উক্ত আইনের অধীনে—
i. বিবাহের সনদ প্রদান করে
ii. দাম্পত্য জীবনে নিশ্চয়তা দেয়
iii. গহনা ও অর্থ দেয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯. ★ বয়ঃসন্ধিকালের সমস্যা সমাধানে গণমাধ্যম কীভাবে ভূমিকা রাখে?
ক) আন্দোলন করে খ) মিছিল করে
গ) বিভিন্ন প্রচারণার মাধ্যমে
ঘ) বিভিন্নভাবে অর্থ খরচ করে

২০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ জারি করা হয়—
i. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করতে
ii. মাদকের ক্ষতিকর প্রতিক্রিয়া রোধ করতে
iii. মাদকাসক্তদের শাস্তি দিতে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২১. ★ জাতীয় মানবাধিকার কমিশন বিভিন্ন মানবাধিকার ইস্যুতে জনসচেতনতা সৃষ্টির চেষ্টা করে কেন?
ক) শান্তি রক্ষায় সরকারের উপর চাপ সৃষ্টির চেষ্টায়
খ) সরকারের মনোযোগ আকর্ষণের জন্য
গ) নিরাপত্তা রক্ষায় জনগণের অংশগ্রহণ বাড়াতে
ঘ) মাদকাসক্তদের শাস্তি দিতে

২২. গ্রামীণ ব্যাংকের মূল দর্শন হলো—
i. মানুষ ব্যাংক সৃষ্টি করবে
ii. মানুষ ব্যাংকের কাছে আসবে না
iii. ব্যাংক-ই মানুষের কাছে আসবে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. ★ 'শিশু জাগরণ সংঘ' মুন্সিগঞ্জে কর্মজীবী শিশুদের জন্য মৌলিক শিক্ষা-সংক্রান্ত কর্মসূচি গ্রহণ করেছে। নিচের কোন সংগঠনটি শিশু জাগরণ সংঘের অনুরূপ?
ক) রেড ক্রিসেন্ট সোসাইটি
খ) রেড ক্রস সোসাইটি
গ) ইউনিসেফ ঘ) সেভ দ্য চিলড্রেন

২৪. প্রতিটি দেশেই সমাজকর্মের শিক্ষার্থীদের মাঠকর্ম অনুশীলনে 'কলমিলতা' প্রতিষ্ঠান প্রণীত নীতিমালা অনুসরণ করতে হয়। 'কলমিলতা' প্রতিষ্ঠানের অনুরূপ প্রতিষ্ঠান কোনটি?
ক) NASW খ) CSWE
গ) AHSW ঘ) VHSS

২৫. ★ সোহেল ঢাকা মেডিকেলে আগত নতুন ও গ্রামীণ রোগীদের ভর্তির নিয়মকানুন সম্পর্কে জ্ঞানদান করেন, ফলে তারা হয়রানির শিকার হয় না। সোহেল ঢাকা মেডিকেলে কী হিসেবে কর্মরত আছেন?
ক) চিকিৎসক খ) সমাজকল্যাণ কর্মকর্তা
গ) অভ্যর্থনা কর্মী
ঘ) হাসপাতাল সমাজসেবা অফিসার

২৬. অর্থনৈতিক সংস্থার অন্তর্ভুক্ত হচ্ছে ব্যাংক, বিমা। তেমনি সামাজিক সংস্থার ক্ষেত্রে যা সমর্থন করা যায়-
i. গণমাধ্যম
ii. আইন প্রয়োগকারী সংস্থা
iii. মানবাধিকার বাস্তবায়ন সংস্থা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭. ক্লাসে শিক্ষক ১৯৭৪ সালের শিশু আইন সম্পর্কে পড়াচ্ছেন। শিক্ষকের পাঠদানের বিষয়টির ক্ষেত্রে যে তথ্যটি প্রযোজ্য—
i. দশটি অনুচ্ছেদ ii. সাতটি অধ্যায়
iii. আটাত্তরটি ধারা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮-৩০নং প্রশ্নের উত্তর দাও:**
জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে সাবিনাকে বিএসএস চূড়ান্ত পরীক্ষার পূর্বে ৬০ কর্মদিবসের একটি মাঠকর্ম প্রশিক্ষণে টঙ্গী কিশোর উন্নয়ন কেন্দ্রে প্রেরণ করা হলো। সেখানে তাকে প্রতিদিন অন্যান্য অফিসারের মতই ৭ ঘণ্টা করে অফিসের উপস্থিত থেকে কর্মসম্পাদন করতে হবে। ৬০ কর্মদিবস শেষে তাকে এ সংক্রান্ত একটি প্রতিবেদন জমা দিতে হবে।

২৮. উদ্দীপকে মাঠকর্মের কয়টি উপাদানের উপস্থিতি রয়েছে?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

২৯. সাবিনার সংস্থা তত্ত্বাবধায়কের পদবী হবে—
ক) হাসপাতাল সমাজসেবা অফিসার
খ) স্কুল সমাজকর্মী
গ) প্রবেশন অফিসার ঘ) মাঠ কর্মকর্তা

৩০. মাঠকর্ম প্রতিবেদনের কভার পেজ-এ উল্লেখ থাকবে—
i. গবেষণার শিরোনাম ও পটভূমি
ii. গবেষণার শিরোনাম ও প্রতিষ্ঠানের নাম
iii. উপস্থাপকের নাম ও প্রকাশকাল
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com